1st Online Edition

Anweshan

January, 2020
Volume 1, Issue 1

In Quest of Dimension



RAJ YOGA KRIYA YOGA MISSION

Service to Atman is Service to Param Atman

स उ प्राणस्य प्राणः

অন্বেষণ

রাজযোগ - ক্রিয়াযোগ মিশন - এর মুখপত্র

প্রথম ডিজিটাল সংখ্যা

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে।
ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।।

ওঁ

অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম ।
তত্পদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ।।

স উ প্রাণস্য প্রাণঃ
রাজযোগ ক্রিয়াযোগ মিশন

© 2020 RYKYM.org All Rights Reserved

First Digital Edition: 5th January 2020

Volume – 1: Issue - 1

Publisher:

RAJ YOGA KRIYA YOGA MISSION

401, S. R. K, Paramhangsa Apartment.

6, Dargah Tala Ghat Lane. Post, Bhadrakali

Uttar Para, West Bengal 712232

Copyright © RAJ YOGA KRIYA YOGA MISSION

Website: www.rykym.org

সংঘ মাতা - Sangh Mata:

শ্রীমতী সুজাতা রায় (Srimati Sujata Ray)

সম্পাদক মণ্ডলী - Editorial Team:

ডঃ ঐন্দ্রী রায় (Dr. Oindri Ray)

সাকেত শ্রীবাস্তব (Saket Srivastava)

সুদীপ চক্রবর্তী (Sudeep Chakravarty)

বিবেক সিং (Vivek Singh)

অমিতাভ দত্ত (Amitava Dutta)

সহকারী সম্পাদক মণ্ডলী – Asst. Editorial Team:

দীপাঞ্জন দে (Dipanjan Dey)

সুজয় বিশ্বাস (Sujay Biswas)

অমোল ভাবসার (Amol Bhavsar)

লেনিন ভার্গিস (Lenin Varghese)

পাপিয়া চ্যাটার্জী (Papia Chatterjee)

রাজেশ কুমার পাণ্ডা (Rajesh Kumar Panda)

নিরুপম মণ্ডল (Nirupam Mondal)

সুদেষ্ণা পাল (Sudeshna Paul)

ডঃ বিক্রম আদিত্য তোমার (Dr. Vikram Aditya Tomar)

Content

সম্পাদকীয় (Editorial) 5

“গুরু-শিষ্য কথা” (Guru Disciple Talk).......... 6

श्री तैलंग स्वामी (Shri Tailang Swami).......... 9

क्रिया में अनुशीलनता का महत्व (Importance of regular practice of Kriya).......... 11

“মাতৃশক্তি ও ঈশ্বর” 13

Kabir Ke Dohe.......... 16

Guru Granth Sahib in light of Kriya 17

Kriya and The Bible.......... 19

“শ্রী শ্রী চণ্ডী” 22

“পথের খোঁজে” 26

Durga, Kali and Jagaddhatri: Worship of the Divine Mother.......... 27

ক্রিয়াযোগ ও বিজ্ঞান – প্রথম অংশ 30

In Satsang with the holy master (The Mystery behind Twelve Pranayamas) 32

This Violence in Man.......... 34

Why do we have Mental Distractions While Doing Kriya? 36

Some Quotes of Gurudev Acharya Dr Sudhin Ray with Explanation 37

 © 2020 RYKYM.org All Rights Reserved

সম্পাদকীয়

মহর্ষি পতঞ্জলি তাঁর ‘যোগদর্শন’-এ ‘যোগ’ ও তার অঙ্গ বিষয়ে ব্যাখ্যা করতে গিয়ে ‘অষ্টাঙ্গযোগ’ সম্বন্ধে বলেছেন:

যম-নিয়মাসন-প্রাণায়াম-প্রত্যাহার-ধারনা-ধ্যান-সমাধয়োহষ্টাবঙ্গানি ।। (২/২৯)
আবার মহর্ষি এই অষ্টাঙ্গযোগ-এর বিশেষ অঙ্গ - ‘নিয়ম’ সম্বন্ধে নির্দিষ্টরূপে বলেছেন:
শৌচ-সন্তোষ-তপঃ-স্বাধ্যায়েশ্বরপ্রণিধাননি নিয়মাঃ।।(২/৩২)
অর্থাৎ এটা বোঝা যায় যে - যোগ সাধনার এই পঞ্চনিয়মগুলির মধ্যে একটি বিশেষ হল ‘স্বাধ্যায়’।

‘স্বাধ্যায়’ এর দুটি অংশ - সু’অধ্যয়ন এবং স্ব’অধ্যয়ন।
সুঅধ্যয়ন হল ‘আমি কি পড়বো’ - সেটার সঠিক বিচারবোধ; আর স্বঅধ্যয়ন হল সেই সুনির্বাচিত বিষয়টি ‘নিজেই পড়া’। স্বঅধ্যয়ন করলে পাঠিত বিষয়ের একটি ছবি পাঠকের নিজের মাথার ভিতরেই তৈরি হতে থাকে - তাতে মানব মস্তিষ্কেরও বিকাশ হয়। সুঅধ্যয়ন দ্বারা নির্বাচিত বিষয়ে লিখিতজ্ঞান - স্বঅধ্যয়ন দ্বারা পাঠকের নিজ-মস্তিষ্কে পরিলক্ষিত হয় – যেটা সাধকের সাধনা-তপস্যাকালীন দর্শন-অনুভূতির সাথে মিলিয়ে নিতে হয়। **স্বাধ্যায় হল মানবের আত্ম-খোঁজ** – অর্থাৎ নিজেকে জানা। ফলে আত্মোন্নয়ন হয় এবং সাধক ক্রমশ সেই মহাশক্তির সর্বব্যাপী উপস্থিতি উপলব্ধি করে।

কিন্তু সময়-সুযোগ ইত্যাদি বিভিন্ন কারণে এবং অকারণে আমরা সকলেই সমরূপে স্বাধ্যায় করতে অসমর্থ হই। সেই সকল ক্রিয়াবান – যারা সাধনার সাথে স্বাধ্যায়ও করেন, তারা তাদের পাঠ-সমুদ্রের সার’টুকু এবং নিজেদের সাধন অভিজ্ঞতা-অনুভব কিয়দাংশে বাকিদের কাছে পৌঁছে দিলে আমরা সকলেই সমৃদ্ধ হই। এই পত্রিকার উদ্দেশ্যই হল সুঅধ্যয়ন’এর উপযোগী বিষয় পাঠকের স্বঅধ্যয়ন’এর জন্য সহজপ্রাপ্য করে তোলা। কারন, সকল সাধক-জীবাত্মার লক্ষ্যই হল সেই পরমাত্মার খোঁজ – ‘**অন্বেষণ**’।

পরমশ্রদ্ধেয় পথপ্রদর্শক গুরুদেব যোগচার্যা ড: সুধীন রায়’এর আদেশ অনুসারে ক্রিয়াবানদের বাৎসরিক পত্রিকা ‘অন্বেষণ’ - জানুয়ারী’২০২০ থেকে ত্রৈমাসিক রূপে প্রকাশিত হবে। ভিন্ন ভাষা-ভাষী ক্রিয়াবান গুরুভাই ও গুরুভগ্নী’গণ – যারা ভৌগলিক দিক থেকে দূরে আছেন; বিশেষত তাদের সুবিধার জন্যই ও সকলের সাথে যোগসূত্র’রূপে ত্রৈমাসিক ‘অন্বেষণ’ online রূপে ‘রাজযোগ ক্রিয়াযোগ মিশন’ এর ওয়েবসাইট https://rykym.org থেকে প্রকাশিত হবে। এছাড়াও online -এ প্রকাশিত ত্রৈমাসিক চারটি পত্রিকার নির্বাচিত কিছু বিষয়ের সংকলন - বাৎসরিক অন্বেষণ’এর সংগ্রহযোগ্য মুদ্রিত রূপও গুরুদেব ও গুরুমা’র আশীর্বাদে প্রকাশের ইচ্ছে রইল।

Editorial

Maharshi Patanjali while explaining Yoga and its limbs in his ‘Yogadarshan’ has mentioned **Ashtangayoga** as **Yama-Niyam-Asana-Pranayama-Pratyahara-Dharana-Dhyana-Samadhayohshtavangani** meaning Yama, Niyam, Asana, Pranayam, Pratyahar, Dharana, Dhyan and Samadhi are the eight limbs of Yoga **[Chapter 2, Verse 29]**.

Again, Maharshi Patanjali has elaborated Niyama as **Saucha-Santosh-Tapah-Svadhyayeshvarapranidhanani Niyamah [Chapter 2, Verse 32]**. It is clear that amongst the five Niyamas enunciated by Patanjali, Swadhyaya comes to occupy a very important and special place.

There are two aspects of Swadhyaya viz **Su-adhyayan** and **Sva-adhyayan**. ‘Su-adhyayan’ is deciding wisely the contents one should read and ‘Sva-adhyayan’ is reading the so decided materials on one’s own volition. By Swadhyayan an image of the material so read gets imprinted in the readers’ mind allowing thus his brain and consciousness to develop. This helps the knowledge so acquired from manuscripts and/or scriptures selected through Suadhyayan getting manifested in the reader that he may then compare with his visions and/or experiences that he had during sadhana. **Swadhyaya** is man’s quest for self, that is, to know oneself that results in a sadhak becoming conscious of his soul and realising gradually that omnipresent Supreme Power.

However due to lack of time and/or opportunity or even in the absence of any valid reasons we do not equally practice Swadhyay. If those kriyabans engaged in swadhayay, in addition to sadhana are able to share/transmit the gist of their learning and to some extent their experiences/perceptions from sadhana, then all stand definitely benefitted. The aim of this magazine, therefore, is to make available to the readers for ‘Swadhyayan’ the materials apt for ‘Suadhyayan’ in a lucid manner since the ‘Search of Paramatman’ or **‘Anweshan’** is the goal of all sadhak-jivatma.

Accordingly as per directions of revered Gurudev Acharya Dr Sudhin Ray it has been decided to publish ‘Anweshan’, the editorial mouthpiece of the Mission, every three months in digital format beginning January’2020 and onwards for the interest of kriyabans spread all over the world and speaking different languages, that shall be made available on the official website of **Raj Yoga Kriya Yoga Mission** at **https://rykym.org**. In addition, we wish to publish a hardcopy edition of the annual Anweshan magazine, assimilating selected articles from the four online magazines already published in a particular year with the blessings of Gurudev and Gurumaa.

 © 2020 RYKYM.org All Rights Reserved

“গুরু-শিষ্য কথা”

- আচার্য্য শ্রী ডঃ সুধীন রায়

ক্রিয়াবানদের এই বিশ্বাস দৃঢ় করতে হবে যে সৃষ্টিকর্তার ইচ্ছায় কোন কারনে আমরা জন্ম নিয়েছি। ক্রিয়াবানদের মধ্যে অনেকে বলে - রোজই তো করছি, কিন্তু কোন প্রেরণা পাচ্ছিনা। আসলে সাধারন ভাবে ক্রিয়াযোগ কোন ব্যক্তিগত সিদ্ধি বা মুক্তির জন্য নয় এই পদ্ধতি হচ্ছে “ভগবানের শক্তি, আলো ও চেতনা নামিয়ে এনে অতিমানবিক অবস্থায় পৌঁছাবার চেষ্টা করা” (শ্রীঅরবিন্দ) ।

যোগের মূল নীতি যা বলা আছে – তার মধ্যে প্রধান হচ্ছে বিশ্বাস, ব্যাকুল ইচ্ছা, সমর্পণ আর অপরিগ্রহীতা। সমস্ত জগতের দেহধারী অবস্থা বিবর্তনের জন্য প্রস্তুত হয়েই আসে, কিন্তু জীব তার নিজস্ব গণ্ডির মধ্যেই থাকতে চায়; যে কারনে সে জন্মালো - মায়ার আবেশে সেসব সে ভুলে যায়। সে অহংকারী ও ক্ষমতার দাস হয়েই থাকতে চায়। প্রত্যেক মানুষই চায় সুখ, আর এই চাহিদা থেকেই আসে শোক ও দুঃখ।

ক্রিয়াবানের লক্ষ্য রাখা উচিত দিব্যচেতনার দিকে। দিব্যভাবে ভাবিত মন সততাকে বজায় রাখলে দিব্যজ্ঞানের উদ্ভব হয়। নিজের বিশ্বাস বজায় রেখে কোন শর্ত, দরাদরি বা ভনিতার উর্ধ্বে ওঠার চেষ্টা করতে হবে; অপরে কি করছে ভেবে নিজেকে বিচারক হওয়ার বা সমালোচনা করবার ইচ্ছা ত্যাগ করতে হবে। যে কারনে ক্রিয়া যোগের সন্ধান পেয়েছ, তার সাহায্যে আত্মচেতনাকে দিব্যভাবের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করো।

এই সব কথা যিনি মানুষকে বলেন তিনি হলেন ‘গুরু’, যারা এই সব কথা শুনে প্রভাবিত হন তারা হচ্ছে শিষ্য। গুরু শিষ্যের সম্বন্ধে ওতপ্রোতোভাবে যুক্ত। গুরু ও শিষ্যের মধ্যে প্রথম যে শর্ত থাকা উচিৎ তা হলো আনুগত্য। আমি অর্থাৎ অহংকারী চেতনা যা দিব্যজ্ঞানের থেকে শিষ্যকে দূরে রাখে, সে অনুগত হওয়া কি বুঝতে পারে না। আমিত্ব হচ্ছে আত্মার এক আবরণ – যা নিজের ও বিশ্বের সম্বন্ধে এক ভুল ধারণা তৈরী করে ও শুদ্ধ চৈতন্যকে ঢেকে রাখে।

শিষ্যত্বের এক গুরুত্বপূর্ণ গুন হচ্ছে গুরুর প্রতি অনুগত থাকা। অনুগত জিনিসটা ঠিক কি এই ধারণাটাই অনেকের বোধে আসে না। অনেকে অনুগত হওয়া মানে সঙ্কীর্ণতা ভাবে। আনুগত্য সঠিক কি? এর উত্তর হচ্ছে বিক্ষিপ্ত মন, সারাদিনের বাহ্যিক কর্মের চেষ্টা ও কুঅভ্যাসকে ত্যাগ করে সঠিক লক্ষ্যে প্রতিষ্ঠিত হওয়া।

সঠিক শিষ্য হতে চাইলে বিক্ষিপ্ত ভাবনা ও নিজের খামখেয়ালি ইচ্ছাকে গুরুর কাছে সমর্পণ করতে হবে। ক্রিয়াদান করার সময় প্রতিজ্ঞা করানো হয় এইসব “আমি মেনে চলব”, কিন্তু অহংকার এই অনুশাসন সব সময় মেনে চলতে দেয় না। গুরুর নির্দেশ মত প্রত্যহ যদি এসব পদ্ধতি অভ্যাস করা হয় তবে ক্রিয়াবানের মানসদৃষ্টি স্বচ্ছ হতে শুরু করে। যে সমস্ত চিন্তাভাবনা বা কর্মে তার ভুল হতো, এখন সে সেই সমস্ত ঘটনায় আর যুক্ত হয় না; ভালো ও মন্দের তফাৎ সে সহজেই করতে পারে। গুরুদেব সব সময়েই শিষ্যকে নজর রাখেন। উপযুক্ত সময়ই তাঁকে নির্দেশ দেন নিজস্ব চিন্তাধারায় এগিয়ে চলতে।

রুপান্তরিত শিষ্য এই ভাবে শ্রদ্ধাযুক্ত, মহৎ ও নম্র হয়। কাউকে সম্মান করতে শিখলে আসে শ্রদ্ধা, আর এই শ্রদ্ধা’ই আনে নম্রতা।

ক্রিয়াবান যখন গুরুকে ঈশ্বরের প্রতিনিধিরূপে এবং মানুষকে তাঁর প্রতিকৃতি হিসাবে সম্মান জানাতে শিখবে, তখন থেকে ক্রিয়াবানের আধ্যাত্মিক উন্নতিলাভ হতে আরম্ভ করে।

 © 2020 RYKYM.org All Rights Reserved

গুরুদেবের দেওয়া পদ্ধতি শ্রদ্ধা ও বিশ্বাস নিয়ে অভ্যাস করতে হবে। প্রথম প্রথম হয়ত অনেকের সঠিক ভাবে হবেনা, তবে সংযমের সাথে অভ্যাসে ফল পাওয়া যায়। ক্রিয়াবানরা / ভক্তরা অনেকেই ভাবেন গুরুকরন করা মানেই সবই তিনি কৃপা করে করে দেবেন। শাস্ত্রবাক্য সুন্দর ভাবে এটা সাধককে বুঝিয়ে দিয়েছেন আধ্যাত্মশক্তি লাভ করতে গেলে একজন সাধক বা ভক্তের এক চতুর্থাংশ চেষ্টা থাকতে হবে গুরুর কৃপা হিসাবে আরও এক ভাগ পাওয়া যেতে পারে কিন্তু পূর্ণতা প্রাপ্ত হতে গেলে ভগবানের আশীর্বাদ পেতে হবে। যোগীর প্রচেষ্টার ফল ও সমপরিমাণ গুরুকৃপার ফলে অর্ধেক পূর্ণতা আসে। ভগবান ও গুরুর মিলিত আশীর্বাদেই আসে পূর্ণতা।

ভগবানের মত গুরুশক্তিও সব স্থানে বিরাজমান। প্রতিটি ভক্ত, শিষ্য ও ক্রিয়াবানের মনের কথা তিনি জানেন। গুরুদেব বলতেন অনিচ্ছুক ক্রিয়াবানদের সঙ্গে আমি সঠিক ভাবে যুক্ত হতে পারি না, কিন্তু যারা আমাকে তাদের শাসন করার অধিকার দিয়েছে বা আমার পরামর্শ চায় আমি তাদের সঙ্গে আপনা থেকেই সবসময় যুক্ত হয়ে থাকি। গুরু শিষ্যের সঙ্গে সব সময় যুক্ত থাকার ফলে ভূত ভবিষ্যৎ তিনি জানতে পারেন

সেই মত শিষ্যকে পরিচালনা করেন। এই পরিচালনা হয় আত্মার শক্তির সাহায্যে, গুরু তাঁর শক্তির (আত্মার) ব্যবহার করেন শিষ্যের জন্য।

শিষ্য, সঞ্চারিত গুরু শক্তির আধার হতে চাইলে তাকে পবিত্র, জানার ইচ্ছা ও অধ্যবসায়ে থাকতেই হবে। যখন গুরু ও শিষ্য আশ্চর্য ভাবের অধিকারী ও আত্মজ্ঞানী হন, তখনই আধ্যাত্মিক ভাব চরমে প্রকাশ পায়। এরূপ মানুষই প্রকৃত গুরু ও শিষ্য হন।

গুরুশক্তি সবযায়গাতেই প্রকাশ পায়। তাঁর শিক্ষার বিষয়, নানারকম ভাবে সাহায্য ও তাঁর আশীর্বাদ শুধুমাত্র সাময়িক ভাবে কাজ করে তা নয়, শিষ্যের ইচ্ছায় চিরকাল তার অনুভূতিতে গুরু শক্তির প্রকাশ সে অনুভব করে। ক্রিয়াযোগ দীক্ষার সময় থেকে গুরু ও শিষ্যের মধ্যে এক ঐশ্বরিক ক্ষমতার আদান প্রদান হয়, এই আদান প্রদানের মধ্যে যেমন থাকে চিরন্তন ভালোবাসা ও আনুগত্য, তেমনি থাকে শর্ত, যে শর্ত অভ্যাসের ফলে গুরু ও শিষ্যের মধ্যে স্থাপিত হয় এক চেতনাশক্তির সম্বন্ধ। ॐ

(Translation)

Guru-Disciple Talk – Gurudeva Dr. Sudhin Ray

The Kriyabans have to strengthen the belief that for some reason we are born as per the will of the Creator. Many Kriyabans say that though they are practising Kriya daily, yet they are not feeling motivated or inspired. Actually, the fact is, Kriya is not a tool for personal fulfilment or liberation. This method is an effort to "bring the divine power, light and consciousness into you, and to elevate yourself to a superhuman state". – **(Sri Aurobindo)**

Among the core principles of yoga, the most important are **faith, deep yearning, complete submission, and non-possessiveness**. The state of the physical beings of the world is ready for evolution, but the being wants to remain within his limits. He forgets the reason of his birth due to the influence of Maya. He wants to be a slave to arrogance and powers. Every human seeks happiness in life, and this very desire attracts grief and sorrows.

Kriyabans should aim towards divine consciousness. If a divinity-intoxicated mind maintains its perpetuity, the divine knowledge will manifest. One must try to rise above conditioning, bargaining and vanity, while maintaining one's faith; the tendency to evaluate the work of others as a judge or critic must be abandoned. The reason why you have received kriya should be remembered, and with the help of kriya, you should try to elevate your consciousness towards the divine consciousness.

The person who says these things to the people is the **"Guru"**, and the people who are influenced by hearing these words, are the disciples. The Guru is strongly connected with the disciple. **One of the first conditions in a guru-disciple relationship is obedience.** The **"I"** is the ego consciousness that keeps the disciple away from the divine knowledge. In this state, it's not possible for the disciple to understand what it means to be obedient. Egoism is the covering of the soul that creates a misconception about oneself and the world and veils the pure consciousness.

 © 2020 RYKYM.org All Rights Reserved

One of the important qualities of a disciple is being obedient to the Guru. The concept of obedience does not make sense to many. For many, being obedient means constriction. What exactly is obedience? This means stripping the restless mind of its day-long external activities, abstaining from bad habits, and finally becoming rooted to the right goals.

To be a true disciple, you have to surrender your restless mind and eccentric desires to the Guru. At the time of the kriya initiation, the disciple pledges, “I will obey these laws with all my heart”, but one's ego does not always comply with this discipline. If these methods (kriya) are practiced every day as instructed by the Guru, the outlook of the kriyaban begins to become pure. Now he is no longer attached to the thoughts and actions that led him to make a mistake; he can easily distinguish between good and evil. The Guru always keeps his watchful eyes on his disciple. At the appropriate time, he instructs his disciple to proceed as per his own thoughts.

In this way, the transformed disciple is filled with reverence, strength and humility. Learning to respect someone, brings reverence, and this reverence leads to humility.

When a kriyaban learns to respect the Guru as a representative of God, and man as an image of God, it’s then that the spiritual prosperity of the kriyaban begins to flourish.

The method given by Gurudeva should be practiced with reverence and faith. At first many people may not be able to do kriya properly but practicing with moderation gives results. Many kriyabans / devotees think that just merely taking initiation or following the Guru makes them entitled to Guru's grace, and the Guru will do everything for them on their behalf. Our ancient scriptures have explained this to the seeker very beautifully by clearing this misconception. To attain spiritual strength, a seeker or devotee needs to make a quarter of an effort, while another one more portion can be received as a grace of the Guru, but for the complete fulfilment of one's spiritual goal, God's blessing is necessary. As a result of a yogi or sadhak's efforts, and with an equal share of Guru's grace, only 50% or half perfection can be attained. To attain complete perfection in one's journey towards the attainment of the divine goal, it needs to be a combination of blessings of both the Guru and God.

Similar to God, the power of Guru is omnipresent. He is omniscient and knows what every devotee, disciple and kriyaban thinks. Gurudeva used to say, "I'm not able to mentally associate well with reluctant kriyabans, but those who have given me the right to govern them or aspire for my advice, I always remain associated with them.". Being always connected with the disciple, the Guru can see everything including the past and future of the disciple, and hence guides him/her accordingly. This guidance is possible with the help of spiritual powers; the Guru uses the spiritual powers of his soul for the welfare of the disciple.

If the disciple wants to be a receiver of the power transmitted by the guru, then he must remain pure, inquisitive and diligent. When the Guru and the disciple become enlightened, their spiritual knowledge becomes fully illuminated. Such people become real gurus and disciples.

The power of the Guru is all pervading. It is not that the teachings imparted by the Guru are only helpful in different circumstances, or the effect of his blessings is transient, the disciples can experience the presence of the power of Guru, forever, by his will.

At the time of kriya initiation, a divine power is exchanged between the master and the disciple. In between this exchange, there is eternal love and obedience along with a condition, and that condition is agreeing to the continuous practice of kriya, which establishes a strong bond of consciousness between the master and the disciple. ॐ

RYKYM Guru Lineage

 © 2020 RYKYM.org All Rights Reserved

श्री तैलंग स्वामी

- Papia Chatterjee

भारत महान साधकों का देश है। इसी पुण्यभूमि में अनेक प्रसिद्ध योगिओं, महात्माओं एवं साधकों ने जन्म लिया है। इनमें से अधिकांश साधकों की कर्मभूमि भारत का प्राचीनतम शहर वाराणसी अथवा बनारस रहा है। बनारस शहर के जिन गलियों एवं घाटों में आज भी 'शिव शंभो शंकर हर' की ध्वनि कानों में गूंजती है, उसी शहर की घाटों में अठारवीं सदी में एक महान साधक एवं क्रिया योगी का विवरण मिलता है, जिन्हें भगवन शिव का अवतार माना जाता था, एवं जिनको बनारस के स्त्री पुरुष 'सचल विश्वनाथ' के रूप में पूजते थे। उस महान साधक का नाम था **श्री तैलंग स्वामी**।

पन्द्रवीं शताब्दी के अंतिम चरण में दक्षिण भारत के आंध्र प्रदेश के भिजियाना ग्रामांचल में होलिया नमक बस्ती में, धर्मनिष्ठ भूस्वामी नरसिंह राव, वहां कई पीडियों से वास कर रहे थे। अपनी पतिव्रता पत्नी विद्यावती के साथ वे देवता एवं ब्राह्मणों की सेवा तथा धर्माचरण में निरत रहते थे। परन्तु बहुत दिनों के पश्चात भी इस दंपत्ति के कोई संतान न हुआ। इस दंपत्ति के गृह देवालय में एक वृहत शिवलिंग प्रतिष्ठित था। धर्मपरायणा विद्यावती प्रतिदिन उस शिवलिंग के समीप बैठती एवं एकनिष्ठता के साथ पूजा करती थी। अंत में एक दिन भगवन की उनपे कृपा हुई एवं उन्होंने एक पुत्र संतान को जन्म दिया। क्यूंकि भगवान शिव की कृपा से बालक का जन्म हुआ था इसीलिए उसका नाम रखा गया **शिवराम**। यह शिवराम ही बाद में चलकर भारत के आध्यात्म गगन में **महायोगी तैलंग स्वामी** के रूप में आविर्भूत हुए। शिशु शिवराम को एक दिन शिवलिंग के पास रखकर विद्यावती शिव आराधना में ध्यानमग्न थी। जैसे ही उनकी पूजा समाप्त हुई, उन्होंने एक अलौकिक दृश्य देखा। शिवलिंग से एक प्रकाश पुंज निकलकर मंदिर के गर्भगृह को आलोकित करता हुआ, बालक शिवराम के अंदर आकर विलीन हो गया।

जैसे-जैसे बालक बड़ा हुआ, उसमें एक अद्भुत बात देखी जाने लगी। जब अन्य बालकगण खेलने में डूबे रहते थे तब शिवराम उससे विमुख रहता था। युवावस्था तक आते शिवराम वैरागी जैसे रहने लगे। शिवराम के सहज वैराग्य को उनकी माता विद्यावती समझ गयीं एवं अपने जीवन में उन्होंने जो कुछ भी साधना अर्जन की थी, उसे वे अपने पुत्र को अध्यात्म पथ पर अग्रसर करने के लिए खरचने लगीं। विद्यावती अपने पुत्र के आद्यात्मिक स्वभाव से अब भली भांति परिचित हो गयीं थी, अतः एक दिन उन्होंने शिवराम के पिता से कहा की शिवराम संसारी नहीं बनना चाहता है। वह अविवाहित रहकर साधना करेगा एवं भक्ति मार्ग पे अग्रसर होगा। इस घटना के बाद से शिवराम के पिता ने उनके विवाह के बारे में चिंतित रहना छोड़ दिया।

जब तक विद्यावती जीवित थीं, शिवराम घर में रहे परन्तु अपनी माता के देहावसान के पश्चात वो गृह त्याग कर के श्मशान में कुटिया बाँध के आध्यात्म जीवन में निमग्न रहने लगे। पूरे बीस वर्षों की लम्बी अवधि में वह एक ही स्थान पे रहकर साधना में लीन रहे। एक दिन किसी अदृश्य शक्ति की प्रेरणा से उस श्मशान क्षेत्र में स्वामी भगीरथानन्द सरस्वती पधारें एवं यही साधक शिवराम के पथ प्रदर्शक एवं आध्यात्मिक गुरु बनें। अपने गुरु के साथ उन्होंने सदा के लिए अपने गाँव का परित्याग कर दिया, एवं जगह-जगह घूमने लगे। ऐसे हे घूमते हुए दोनों शिष्य गुरु, पुष्कर तीर्थ पहुंचे, जहाँ लगभग अठहत्तर वर्ष की आयु में उन्होंने अपने गुरु से सन्यास धर्म की दीक्षा ली। उनके गुरु ने उनको क्रिया योग के रहस्यों से अवगत कराया एवं दीक्षा के पश्चात उनका नया नाम रखा - **गणपति सरस्वती**|

कहा जाता है की श्री तैलंग स्वामी करीब पौने तीन सौ वर्ष तक जीवित रहे जिसमें से वो वाराणसी में करीब १५० वर्ष तक रहें। तेलुगु भाषी सन्यासी होने के कारण काशी वासियों के मध्य वे **श्री तैलंग स्वामी** के नाम से प्रख्यात हुए| स्वामीजी के योग बल की शक्तियों के चमत्कारों के बहुत सारे प्रमाण इतिहास में लिपिबद्ध है|

योगीवर तैलंग स्वामी प्रायः अपनी मर्ज़ी के अनुसार यत्र-तत्र नग्न अवस्था में घूमते रहते थे| अंग्रेज़ अफसरों को उनका इस प्रकार सार्वजनिक घूमना कतई पसंद नहीं था| एक बार काशी के तत्कालीन मजिस्ट्रेट ने उनके इस आचरण के विरुद्ध कार्यवाही करने का निश्चय किया| स्वामीजी के एक भक्त ने उनके लिए एक वकील की व्यवस्था की जिसने मजिस्ट्रेट को

महान साधक इस बात को जानतें हैं कि यह जीवन मात्र एक लौकिक स्वप्न है जो कि महामाया अथवा सर्वशक्तिमान ईश्वर की केवल योजना मात्र है, इसीलिए ऐसे साधक अपने पंचभूत शरीर के सांसारिक परिचय के अधीन होकर नहीं रहते हैं|

 © 2020 RYKYM.org All Rights Reserved

यह बोलके समझाने का प्रयास किया की उनके मुवक्किल एक प्रख्यात सन्यासी है जो समस्त सांसारिक लोभ-मोह से परे है. इनकी दृष्टि में चन्दन एवं मल एक समान है एवं शरीर को वस्त्र से ढाकने की आवश्यकता को बिलकुल भी नहीं समझते हैं| मजिस्ट्रेट ने कहा की यदि इस व्यक्ति को सच में सब वस्तुओं में समज्ञान है तब इसको मेरा भोजन ग्रहण करना होगा | निषिद्ध मांसयुक्त भोजन एक सन्यासी किस प्रकार करता है, इस बात को वह स्वयं परखना चाहता था | तैलंग स्वामी से पूछा गया की उनको अंग्रेज़ मजिस्ट्रेट के भोजन को खाने में कोई आपत्ति तो नहीं है| स्वामीजी जो अबतक मौन थे, अपने शांत कंठ में बोले " साहब मैं तुम्हारा खाना खा सकता हूँ परन्तु उससे पहले तुम्हे मेरा भोजन करना होगा |" मजिस्ट्रेट तुरंत तैयार हो गया क्यूंकि उसको लगा की एक सन्यासी के कंद-फल-मूल वाले भोजन को करने में कैसी परेशानी! किन्तु सन्यासी को तो निषिद्ध मांसयुक्त भोजन करने के लिए बाध्य किया जा सकता है | यह सोचकर मजिस्ट्रेट मन ही मन अत्यंत प्रसन्न हो रहा था |

जनसमूह से भरे अदालत में तभी सबने एक विस्मयकारी कांड देखा | स्वामीजी ने सबके सामने अपने हाथ पे अपना मल त्याग कर के मजिस्ट्रेट की तरफ बढ़ाते हुए बोला, "साहब मेरा आज का भोजन यही है |" महायोगी जो चन्दन एवं मल में समज्ञान रखने वाले साधक थे, इस विचित्र घृणित भोजन को निर्विकार होकर निगल गये | अदालत के उस कमरे में सर्वत्र एक अद्भुत सुगंद फ़ैल गयी | मजिस्ट्रेट को यह समझते देर न लगी की इस सन्यासी की तप शक्ति अलौकिक है एवं इसके क्रिया कलाप साधारण मनुष्यों की श्रेणी में कदापि नहीं आते हैं | इस बात का भान होते ही कि तैलंग स्वामी कोई साधारण सन्यासी नहीं है, उन्होंने आदेश दिया की अब से स्वामीजी नग्नावस्था में जहाँ चाहे विचरण कर सकते हैं, उन्हें कभी भी किसी प्रकार की बाधा नहीं दी जाएगी |

श्री तैलंग स्वामी का जीवन इसी प्रकार के अनेकों आश्चर्यचकित कर देने वाली घटनाओं से परिपूर्ण है | तैलंग स्वामी ३०० वर्षों की लम्बी आयु तक इस संसार में रहे एवं अपने जीवनकाल में उन्होंने अनेकों चमत्कारिक घटनाओं को जन्म दिया | परमहंस योगानंद द्वारा रचित प्रसिद्द पुस्तक 'योगी कथामृत' (An Autobiography of a Yogi) में श्री तैलंग स्वामी के जीवन से जुडी अनेक चमत्कारिक घटनाओं का उल्लेख मिलता है |

एक बार जब रामकृष्ण परमहंस बनारस यात्रा पे गए तब तैलंग स्वामी से उनका साक्षात्कार हुआ. वो देखते ही समझ गए कि तैलंग स्वामी एक विलक्षण साधक है एवं साक्षात् शिव हैं | उनके मन में तीव्र इच्छा उत्पन्न हुई की वे तैलंग स्वामी को खीर खिलाएं | मथुर बाबू से कहलवाकर उन्होंने आधा मन खीर बनवाया एवं स्वयं अपने हाथों से स्वामीजी को खिलाकर परम संतोष प्राप्त किया |

श्री रामकृष्ण वचनामृत (Gospel of Ramakrishna) में ऐस उल्लेख मिलता है की जब श्री रामकृष्ण परमहंस पहली बार वाराणसी में श्री तैलंग स्वामी से मिले तब उनके समक्ष काशी विश्वनाथ मंदिर में जाकर विश्वनाथ के दर्शन करने की आकांक्षा जताई | पर चूँकि समय का अभाव था तो रामकृष्ण परमहंस तैलंग स्वामी को बोले की लगता है समय अभाव में विश्वनाथ मंदिर दर्शन करने न जा पाउँगा। यह बोलते हुए जैसे हे भगवान रामकृष्ण पीछे मुड़े, वे क्या देखते हैं कि साक्षात् विश्वनाथ उनके समक्ष खड़े उनको दर्शन दे रहे हैं | यह देखकर रामकृष्ण परमहंस, तैलंग स्वामी के लिए बोले थे कि साक्षात् विश्वनाथ ने उनके शरीर के रूप में अपने को प्रकट कर उनको दर्शन दिया |

इस दुर्लभ उच्च श्रेणी के साधक ने २६ (26) दिसंबर १८८७ (1887), पौष मास के शुक्ल एकादशी के पुण्य क्षण में, करीब पौने ३०० वर्ष के आयु में देह त्याग किया | काठ के संदूक में उनके पंचभूत के शरीर को रख के, बनारस के गंगा में जलसमाधि दे दिया गया | इस प्रकार शिवधाम काशी में शिव तुल्य महायोगी करीब १५० वर्षों तक अपने लीला का अभिनय कर, अन्त में समस्त काशी को अकेला कर के सदा के लिए पंचभूत में विलीन हो गए | ॐ

 © 2020 RYKYM.org All Rights Reserved

क्रिया में अनुशीलनता का महत्व

– Sudeep Chakravarty

तुलसीदास जी का कथन है - "बड़े भाग मानुष तन पावा" अर्थात बहुत अच्छे कर्म के परिणाम स्वरूप ही जीव मनुष्य जन्म का भागी होता है। जब आत्मा शरीर धारण करती है तो वो ऐसे परिवार या वातावरण को चुनती है जिससे उसका प्रारब्ध जुड़ा होता है| गुरुदेव ने सत्संग के दौरान बातो बातो में कहा था कि जीव के प्रारब्ध का कुछ भाग उसके माता-पिता से जुड़ा होता है, तो यह निश्चित ही जाने अगर आपने इस जन्म में क्रिया प्राप्त किया है तो आपका अवश्य ही पूर्वजन्म के संस्कार इसके लिए उत्तरदायी रहे होंगे|

जैसा की पहली पंक्ति में कहा गया है कि मनुष्य जन्म बहुत दुर्लभ है, उसी प्रकार क्रिया दीक्षा मिलना भी बड़े सौभाग्य की बात है। हमे लगता है कई बार कि हमारे चाहने मात्र से ही हमे क्रिया प्राप्त हो गई है, परन्तु यह पूर्णता सत्य नहीं है। दीक्षा मिलने में, प्रारब्ध और गुरुइच्छा की बहुत बड़ी भूमिका रहती है। यह बहुत ही रस्यमय तरीके से अपना काम करता है। क्रिया के विषय में पढ़ना, उसको फिर जानने की इच्छा होना और फिर दीक्षा के लिए सद्गुरु की प्राप्ति, सब आपके प्रारब्ध का ही खेल है|

इसे तो हम सभी ने स्वयं अनुभव किया होगा कि दीक्षा के कुछ दिनों बाद तक हम बहुत उत्साह के साथ क्रिया करते है। फिर जैसे जैसे समय बीतता है, दर्शन अदि न होने के कारण या अपने अन्य संस्कारो से मोहित होकर, हम क्रिया की अवधि घटाकर इसका स्थान अन्य मनोरंजन की वस्तुओ को दे देते है|

हममे से तो कुछ साधक कालांतर में क्रिया का सम्पूर्ण त्याग कर देते है। क्रिया न करके, क्रिया से संबन्धित विषयो पर आलोचना करना, पढ़ना या प्रवचन सुनना, आद्यात्मिक मनोरंजन से बढ़कर और कुछ नहीं है| इससे कही ज्यादा लाभ स्वयं क्रिया करने से होता है। और जब हमने दीक्षा के समय गुरुदेव को क्रिया करने का वचन दिया है तो क्रिया ना करना मिथ्या वचन के सामान है।

एक सत्संग के दौरान गुरुदेव ने कहा था कि अगर लोहे में चुंबकीय शक्ति पैदा करना हो तो उसे १४१८ डिग्री फ़ारेनहाइट पर गर्म करने की आवश्यकता होगी और ये प्रक्रिया अगर बीच में रोक दी जाय तो वो पूर्ण चुम्बक नहीं बन सकता और कालांतर में उसकी सारी चुंबकीय शक्ति क्षीण होतो जाएगी। इसी प्रकार जब हम पूर्ण श्रद्धा के साथ क्रिया करते है तो हमारे अंदर शक्ति का संचार होता है और गुरुशक्ति की महिमा का हमे ठीक-ठीक पता चलता है। क्रिया में अनियमितता होने पर या क्रिया को पूर्णता बंद करने से हम पुनः अपनी पुरानी स्थिति में वापस आ जायेंगे जिससे हमे कोई लाभ नहीं होगा। अपितु आप देखेंगे कि क्रिया न करने के फलस्वरूप आप और भी अशांत और असयंमी हो गए है।

जीवन में उतर चढ़ाव तो आते ही रहेंगे परन्तु इसका ये मतलब नहीं है कि हम मानसिक अशांति की उलाहना देकर क्रिया का त्याग कर दे। हमे क्रिया और गुरुशक्ति को ठीक ठीक समझना होगा| विपत्ति की घडी में ये कैसे साधक की रक्षा करते है ये केवल वही क्रियावान जानते है जिन्होंने साधना में ढीलापन नहीं आने दिया है। इसीलिए चलिए आइये और पूरे श्रद्धा और विश्वास के साथ क्रिया करें और बाकि सारी चिंताए गुरुदेव के चरणों में डाल दे| ॐ

(Translation)

Importance of regular practice of Kriya

Tulsidas ji has said - "Bade Bhag Manusha Tan Pava" means that getting a human body is a matter of great fortune. When a soul bears a body, it chooses a family or environment to which its Prarabdha (portion of the past Karma, which is responsible for the present birth) is associated. During a Satsang, while explaining an incident, Gurudeva had said that some portion of a child’s Prarabdha is connected to his parents. You must then understand that if you have received Kriya initiation in this birth, then your Prarabdha karma must have played an important role in this process.

As it has been said in the first sentence that human birth is very rare, in the same way it is a great privilege to get Kriya initiation. We feel that we

 © 2020 RYKYM.org All Rights Reserved

have received Kriya only because we had desired, which is not completely true. Without our Prarabdha Karma and the master's grace, getting Kriya initiation is impossible. It is because of our Prarabdha Karma we develop interest in subject of Kriya and read various books, wish to gain more knowledge about it, and finally come to Sadhguru for initiation.

We all must have felt that till a few days after initiation, we perform Kriya with great enthusiasm. Then, as time passes, due to lack of vision (in Yoni Mudra) or being fascinated by our innate tendencies, we shorten the duration of the Kriya and replace it with other recreational activities.

Some of us, over a period of time, skip doing the Kriya altogether. Some of us spend more time in reading, listening, and watching Kriya videos, without practicing the actual Kriya as shown by Gurudeva. All other activities without practising Kriya, are nothing more than intellectual entertainment that do not offer any great results. And when we have pledged to do Kriya to Gurudeva at the time of initiation, then not doing it, is like breaking the promise.

During one of the Satsang, Gurudeva said that if the iron was to be converted to a permanent magnet, it would require to be heated to 1418 degrees Fahrenheit, and if the process is halted midway, the iron will not become a permanent magnet. As the time will go by, all its magnetic power will dissipate that was gained during the conversion process. Similarly, when we do Kriya with full devotion, then energy is generated within our body and we get to know the glory of Guru Shakti accurately. If there is an irregularity in the Kriya or it is stopped, we will return to our old state, which will not benefit us. You will notice that as a result of not doing Kriya, you have become more restless and impatient.

Understanding Kriya and Guru Shakti correctly, and realizing how they protect the seeker in times of calamity, is possible for only those Kriyabans who have not abandoned the practice. Therefore, let us do our kriya practice with full devotion and faith, and put all our worries onto the feet of Gurudeva.

 © 2020 RYKYM.org All Rights Reserved

“মাতৃশক্তি ও ঈশ্বর”

– দীপাঞ্জন দে

ভাবাবস্থায় বসে আছেন ভাবের ঠাকুর। বলে উঠলেন “সিদ্ধ তো তুমি আছই!” সামনে বসা ভদ্রলোক প্রায় তাঁর থেকে ১৬/১৭ বছরের বড়। তিনি বিস্মিত! “মহাশয়, কেমন করে?”

মুখোমুখি বসে আছেন দুই যুগপুরুষ, দুই ঈশ্বর। দুই সার্থকনামা বঙ্গসন্তান। একজন ভক্তি ও ভাবে ভাসিয়ে নিয়ে যাবেন সমাজকে, সেই প্লাবনে শত শত অন্ধকার মনের গ্লানি দূর হয়ে ফুটে উঠবে নির্মলতা, শুদ্ধতা; আর আরেক ঈশ্বর তাঁর সমস্ত পৌরুষ, সমস্ত করুণা ও মনুষ্যত্ব দ্বারা দূর করবেন সমাজের আবর্জনা, ফুৎকারে উড়িয়ে দেবেন শত শত বছরের তমসাবৃত, কলুষিত চিন্তাধারাকে এবং শিক্ষা দেবেন তাঁর জীবন ও ভাবনা দ্বারা –‘তোমরা মানুষ হও’। ওই দিকে আশীর্বাদ ও অভয়বাণী, “তোমাদের চৈতন্য হোক”।

প্রথমে মানুষ হও, তারপর চৈতন্য লাভ কর।

রামকৃষ্ণদেব বললেন- “আলু পটল সিদ্ধ হলে তো নরম হয়, তা তুমি তো খুব নরম। তোমার অত দয়া!”

সত্যই তো এ সাধনা। মা কে ডাকতে হবে। তাঁর সাধন অনেক রকম, সে তন্ত্র মন্ত্র সব অনেক ব্যাপার। কত ভাব- সাখ্য, দাস্য, বাৎসল্য, বীরভাব, সন্তানভাব। কিন্তু সমাজের কুসংস্কার সেই মাতৃরূপাকেই এককালে জ্বলন্ত চিতায় তুলে দিয়েছে, তিলে তিলে দগ্ধ করেছে পুরুষতান্ত্রিক সমাজ তার নিয়মবেষ্টনীতে। এই সমাজের কি মাতৃপূজা সাজে? মা কি সে পূজা গ্রহণ করেন?

মায়ের পূজা করতে হলে বলি চাই- স্বামীজি বললেন একদিন গুরুভ্রাতাদের; বেলুড়ে প্রথম সেবার দুর্গাপুজো- এই তো যথার্থ বীরের ভাব! যার পূজা মা নেবেন, তাকে তো বলি দিতেই হবে। ত্যাগ করতে হবে তার সমস্ত কিছুকে। তাই তিনি ক্ষীরভবানীতে মায়ের দর্শন পেয়ে লিখলেন-

“Who dares misery love,

And hug the form of Death,

Dance in Destruction's dance,

To him the Mother comes.”

অর্থাৎ ‘সাহসে যে দুঃখ দৈন্য চায়, মৃত্যুরে যে বাঁধে বাহুপাশে, কাল-নৃত্য করে উপভোগ, মাতৃরূপা তারই কাছে আসে।’

সেই সাধনের ফলেই আজ রামকৃষ্ণদেব এসেছেন বিদ্যাসাগরের কাছে। তিনি ছোটবেলা থেকে শুনেছেন তাঁর দয়া, করুণা ও পুরুষকারের কথা। বালকের মত আবদার করেছেন মাষ্টার মহাশয়ের কাছে, ‘হ্যাঁগা, আমাকে বিদ্যাসাগরের কাছে নিয়ে যাবে?’ এসেই বললেন তাঁকে “আজ সাগরে এসে মিললাম। এতিদন খাল বিল হদ্দ নদী দেখেছি, এইবার সাগর দেখছি।”

পুরাকালে সর্বজনের কল্যাণার্থে মহর্ষি দধীচি ত্যাগের যে অদৃষ্টপূর্ব পরাকাষ্ঠা স্থাপন করেছিলেন, আধুনিক কালে বিদ্যাসাগর মহাশয়কে তাঁর সেই আত্মত্যাগের উত্তরসূরি বললে অত্যুক্তি হয়না। তৎকালীন সমাজের পর্বতসম বাধা তাঁর অসম্ভব পৌরুষ দ্বারা অতিক্রম করে যে আদর্শ সমাজ তিনি স্থাপন করতে চেয়েছিলেন, তারপরেও তাঁকে প্রচুর অপবাদ, লাঞ্ছনার সম্মুখীন হতে হয়েছিল। এমনকি শারীরিক ভাবেও হেনস্থা হতে হয়েছিল। তাঁর এই মহৎ কাজে তিনি কাউকে সঙ্গীরূপে পাননি। পরবর্তীকালে পরিবার ও নিজের আত্মীয়দেরও পাশে পাননি। রবীন্দ্রনাথ তাই বলেছেন, ‘বিদ্যাসাগর এই বঙ্গদেশে একক ছিলেন’; তাঁর নিঃসঙ্গতা সম্বন্ধে কবি বলেছেন ‘এদেশে তিনি তাঁহার সমযোগ্য সহযোগীর অভাবে আমৃত্যুকাল নির্বাসন ভোগ করিয়া গিয়াছেন।’ নিজের সমস্তটুকু দান করে নিঃস্ব হয়ে ক্লান্ত, পরিশ্রান্ত বিদ্যাসাগর শেষজীবনে সম্পূর্ণ একলাই দিন কাটিয়েছেন।

এই মহামানব সম্বন্ধে লিখতে গিয়ে শ্রীশিবনাথ শাস্ত্রী মহাশয় যোগবাশিষ্ঠ থেকে উদ্ধৃত করেছেন-

 © 2020 RYKYM.org All Rights Reserved

তরবোহপি হি জীবন্তি জীবন্তি মৃগপক্ষিণঃ।
স জীবতি মনো যস্য মননেন হি জীবতি॥

‘তরুলতাও জীবনধারণ করে, পশুপক্ষীও জীবনধারণ করে; কিন্তু সেই প্রকৃতরূপে জীবিত যে মননের দ্বারা জীবিত থাকে’।

বিদ্যাসাগরের দৃষ্টিভঙ্গি, তাঁর অবদান এবং সমাজ সংস্কারের পদ্ধতি দেখে অনেকেই তাঁকে রাজা রামমোহন রায়ের উত্তরাধিকার হিসেবে বর্ণনা করেছেন। আধুনিক কালে নারীজাতির উত্থানের প্রথম রাস্তা রামমোহনের হাত ধরেই হয়েছিল। তিনি সতীদাহ বন্ধ করেছিলেন, এবং বিদ্যাসাগর নারী শিক্ষা ও বিধবা বিবাহ প্রচলন করলেন। মায়ের জন্য, মায়ের ডাকে এককালে যিনি বুকভরা সাহস নিয়ে দামোদরে ঝাঁপ দিয়েছিলেন, তিনি ঝাঁপ দিলেন সমাজের সেই নিয়মজাল ও কুসংস্কারের কন্টকময় বনে; সহস্র মায়ের মুখে হাসি ফোটাতে।

তৎকালীন খ্রিষ্টান মিশনারিদের প্রভাবে ও হিন্দুধর্মের নিয়মবেষ্টনী থেকে মুক্ত অন্য উদার মতে আকৃষ্ট হয়ে সমাজে তখন চতুর্দিকে ধর্মান্তর হয়ে চলেছে। বিদ্যাসাগর দেখলেন অন্য সমস্ত ধর্মেই নারীদের যথাযথ সম্মান দেওয়া হয় ও সমাজে তাদের গ্রহণযোগ্যতা পুরুষদের থেকে কোন অংশে কম নয়। তিনি দেখলেন হিন্দুসমাজে নারীদের চরম দুরাবস্থা; তাদের ওপর অসংখ্য নিয়ম ও নিত্য অত্যাচার। তাদের অধিকাংশই বাল্যকালে বিধবা হয়ে আজীবন ব্রহ্মচর্য ব্রত রক্ষার্থে অসমর্থ হয়ে পড়ছেন। তাঁর বুক কেঁপে উঠল তাদের দুঃখে। তিনি বুঝলেন প্রচলিত শাস্ত্রের বিধান বিজ্ঞানসম্মত নয় এবং প্রকৃতির নিয়ম বিরুদ্ধ। বিধবা নারীদের পুনর্বিবাহের চিন্তা করে সেদিন তিনি যে শুধু হিন্দু নারীদের লাঞ্ছনা ও অত্যাচার থেকে, ব্যভিচার এবং ভ্রূণহত্যার পাপ থেকে মুক্ত করেছিলেন তাই নয়; হিন্দু ধর্মশাস্ত্রের প্রতি পুনর্দৃষ্টি দ্বারা তা যুগোপযোগী করে তুলবারও সূচনা করেছিলেন। বস্তুত তিনি এ কথাও অনুধাবন করতে পেরেছিলেন যে শুধুমাত্র মানবিকতা ও যুক্তির প্রাধান্য থাকলেও তাঁকে তথাকথিত শাস্ত্রের বিধান খণ্ডন করতে হলে শাস্ত্রেরই আশ্রয় গ্রহণ করতে হবে।বিধবা বিবাহের শাস্ত্রীয় সমর্থনের জন্য বিদ্যাসাগর পরাশর সংহিতা থেকে যে শ্লোকটি মূল প্রমাণ রূপে ব্যাবহার করেছিলেন, তা হল– ‘নষ্টে মৃতে প্রব্রজিতে ক্লীবে চ পতিতে পতৌ। পঞ্চস্বাপৎসু নারীনাং পতিরন্যো বিধীয়তে।।’ অর্থাৎ পতি নিরুদ্দিষ্ট বা মৃত হলে, সন্ন্যাস গ্রহণ করলে, ক্লীব অথবা পতিত হলে, নারীদের এই পঞ্চপ্রকার আপৎকালে অন্য পতি গ্রহণ করা কর্তব্য। তিনি দেখালেন, পরাশর সংহিতা কলিযুগের জন্য সৃষ্ট সুতারং মনুসংহিতা অথবা পুরাণের সাথে বিরোধ হলে পরাশর সংহিতার মতকেই প্রাধান্য দেওয়া উচিত। এইভাবে বিধবা বিবাহকে তিনি যে শুধু শাস্ত্রসম্মত প্রমাণ করলেন তাই নয়, বরং যুগপ্রয়োজনে শাস্ত্রের প্রতি পুনর্দৃষ্টি প্রয়োজন, তাও দেখালেন। এই দৃষ্টান্ত স্মরণ করিয়ে দেয় একদা হিন্দুধর্মের মর্যাদা ও প্রাসঙ্গিকতা রক্ষার্থে তৎকালীন প্রচলিত মতের বিরুদ্ধে শঙ্করাচার্যের বিপ্লবকে।

দেশে নারীশিক্ষার প্রবর্তনে সেসময় বেথুন সাহেব অগ্রণী ভূমিকা পালন করেছিলেন। এমনকি মৃত্যুর পূর্বে তিনি তাঁর সমস্ত সম্পত্তি নারীশিক্ষার জন্য দান করে গিয়েছিলেন। বিদ্যাসাগর তাঁর সাথে গোটা বাংলা জুড়ে একেরপর এক বালিকা বিদ্যালয় স্থাপন করলেন। তাদের ভরণপোষণের দায়িত্বও নিলেন।

